

স্মারক নং- ২৭.২৬.০০০০.০০৫.০৩.০০৭.২২.৮১

তারিখঃ ২৯/০৬/২০২২খ্রিঃ

### বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড (আরপিসিএল) কর্তৃক বাস্তবায়নাধীন ‘ময়মনসিংহ ৩৬০(+/-১০%) মেঃওঃ ডুয়েল ফুয়েল (গ্যাস/এইচএসডি) কন্সট্রাক্ট সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প’ এ প্রকল্প মেয়াদের জন্য সহকারী প্রকৌশলী (সিভিল) এবং সহকারী ব্যবস্থাপক (হিসাব/অর্থ) পদে মাসিক সর্বসাকুল্য বেতনে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগের লক্ষ্যে গত ৭ এপ্রিল ২০২২ তারিখে ‘দৈনিক ইত্তেফাক’ ও ‘The Daily Observer’ পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে আবেদনকারী প্রার্থীদের নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী নির্বাচনী পরীক্ষা (লিখিত) গ্রহণ করা হবেঃ

তারিখঃ ০২/০৭/২০২২খ্রিঃ

রোজ- শনিবার

সময়ঃ সকাল ১১:০০ ঘটিকা

স্থানঃ বাংলাদেশ পাওয়ার ইকুইপমেন্ট ম্যানুফ্যাকচারিং কোম্পানী লিমিটেড (বিপিইএমসি)  
৯/এফ (৫ম তলা), সেনাকল্যাণ কমার্শিয়াল কমপ্লেক্স, টঞ্জী, গাজীপুর।

উল্লেখ্য, লিখিত পরীক্ষায় অংশগ্রহণের লক্ষ্যে প্রার্থীদের জন্য পালনীয় সাধারণ নির্দেশনাবলীঃ

- প্রার্থীকে অবশ্যই পরীক্ষা কেন্দ্রে/ হলে ইন্টারভিউ কার্ড সাথে আনতে হবে এবং দায়িত্ব পালনরত পরিদর্শককে তা প্রদর্শন করতে হবে;
- প্রার্থীকে ০২টি কালো বল পয়েন্ট কলম সাথে আনতে হবে;
- মোবাইল ফোন বা হাত ঘড়িসহ যে কোন ধরনের ইলেকট্রনিক স্টোরেজ ডিভাইস সাথে রাখা সম্পূর্ণভাবে নিষিদ্ধ। তবে ম্যানুয়াল/ সাধারণ ক্যালকুলেটর আনতে পারবেন;
- প্রার্থীকে পরীক্ষা শুরুর অন্ততঃ ৩০ মিনিট পূর্বে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত থাকতে হবে;
- ইন্টারভিউ কার্ডে থাকা ছবি এবং মূল আবেদন ফরমের সাথে সংযুক্ত ছবিটি একই ব্যক্তির কিনা তা যাচাই করা হবে;
- কোন পরীক্ষার্থী পরীক্ষার হলে অসদুপায় অবলম্বন/ অসদাচরণ করলে, তার বিরুদ্ধে যে কোন ধরনের শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে;
- ইন্টারভিউ কার্ডটি লিখিত/ মৌখিক, উভয় পরীক্ষার জন্য ব্যবহারযোগ্য।

পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ ডিএ প্রদান করা হবে না।

প্রসঙ্গত কোভিড-১৯ হতে সুরক্ষার জন্য সরকার কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি মেনে লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে।

*Amal*  
29/06/2022

জিএম (এইচআর এন্ড এডমিন) অঃদাঃ  
রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড